

মিডিয়া বিজ্ঞপ্তি (ঢাকা): ফেব্রুয়ারি ০৪, ২০১৮

সামিট মেঘনাঘাট ২ এর সিইও হলেন মোঃ রিয়াজ উদ্দীন



মোঃ রিয়াজ উদ্দীন, সামিট মেঘনাঘাট ২ পাওয়ার কোম্পানীর সিইও হিসেবে দায়িত্ব পেয়েছেন, যা হবে বাংলাদেশের অন্যতম বৃহৎ কন্সট্রাক্শন সাইকেল বিদ্যুৎ কেন্দ্র। পাশাপাশি তিনি সামিট মেঘনাঘাট পাওয়ার কোম্পানী এবং সামিট বিবিয়ানা ২ পাওয়ার কোম্পানীর সিওও এবং ডিরেক্টর হিসেবে দায়িত্ব পালন করছেন। প্রত্যাশিত ৫৯০ মেগাওয়াটের সামিট মেঘনাঘাট ২ পাওয়ার আগামী ২০২১ সালের শুরুর দিকে বাণিজ্যিক উৎপাদনে যাবে।

মোঃ রিয়াজ উদ্দীন ২০১১ সাল থেকে সামিট-এ কর্মরত আছেন এবং সর্বাধুনিক টারবাইন ইঞ্জিন টেকনোলজির কন্সট্রাক্শন সাইকেল বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। তার বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়ন, উচ্চ পর্যায়ে পর্যালোচনা এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালনা ও রক্ষণাবেক্ষণে (O&M) প্রায় ২৫ বছরের অভিজ্ঞতা রয়েছে। সামিটে যোগদানের আগে তিনি পাওয়ারটেক বারহ্যাড, সিডিসি গেম্ভাবলেক, এইএস কর্পোরেশন এবং কাফকোসহ বিভিন্ন বহুজাতিক কোম্পানীতে কাজ করেছেন।

তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে কেমিকেল ইঞ্জিনিয়ারিং এবং অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়া ইউনিভার্সিটি থেকে এমবিএ ডিগ্রী অর্জন করেছেন।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫ |